# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের অধীনে বাছাই করা ২৫ হাজারেরও বেশি শিল্প-উদ্যোগী যুবক-যুবতীকে প্রথম কিস্তির অর্থ বিতরণ।

২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের অরুণাচল প্রদেশে আসাম সহ উত্তরপূর্বাঞ্চলের ৭ টি আঞ্চলিক গ্রামীণ ব্যাংকের কাজের পর্যালোচনা।

৩) সোনাপুরের উচ্ছেদ প্রসঙ্গে আসাম সরকারকে উচ্চতম ন্যায়ালয়ের বিজ্ঞপ্তী জারী।

এবং

৪) বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা মিঠুন চক্রবর্তী ‘দাদা সাহেব ফালকে’ পুরস্কারে সম্মানিত।

---

মুখ্যমন্ত্রী আত্মনির্ভর আসাম অভিযানের অধীনে বাছাই লাভ করা ২৫ হাজার ২৩৮ জন শিল্পদ্যোগীকে আজ প্রথম কিস্তি হিসেবে ৭৫ হাজার টাকা করে বিতরণের আনুষ্ঠানিকভাবে সূচণা করা হয় । এই প্রক্রিয়ায় ৫১০ কোটি টাকা ব্যয় হবে । গৌহাটীর খানাপারার আসম পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলারমাঠে আজ অনুষ্ঠিত কার্যসূচীতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের বেশ কয়েকজন শিল্পদ্যোগীকে

আনুষ্ঠানিকভাবে এর প্রথম কিস্তি প্রদান করেন । মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের বেকার যুবক যুবতীদের আত্মনির্ভরশীল করে তোলার উদ্দেশ্যে আরম্ভ করা মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযান উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে পরিগণিত হয়েছে ।মুখ্যমন্ত্রী আজ আর্থিক সাহায্য লাভ করা প্রতিজন যুব শিল্পদ্যোগীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন । তিনি বলেন যে ২০২১ সালের নির্বাচনের আগে সরকার এক লক্ষ সরকারী চাকুরীর নিযুক্তি ও ২ লক্ষ যুব শিল্পদ্যোগীকে আর্থিক সহায়তার প্রতিশ্রুতি দিয়েছিল । গত তিন বছরে দুটি প্রতিশ্রুতি পূরণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে গত বছরের ২৩ শে সেপ্টেম্বর মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম প্রকল্পের শুভারম্ভ করা সহ প্রার্থীদের আবেদন করার জন্য পোর্টেল খোলা হয়েছিল ।এই পোর্টেলের মাধ্যমে এক লক্ষ ৪ হাজার ৫১ জন প্রার্থী আবেদন করেছিল । আজ প্রথম কিস্তি হিসেবে ২৫ জন যুবক যুবতীকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে উচ্চ প্রশিক্ষিত ব্যাক্তির একটি গোষ্ঠীকে পরামর্শদাতা হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । এই গোষ্ঠীটি যুব শিল্পদ্যোগীদের ব্যবসা চালিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে পরামর্শ প্রদান করবে ।আজকের অনুষ্ঠানে রাজ্যের শিল্প , বানিজ্য ও সরকারী প্রতিষ্ঠান বিভাগের মন্ত্রী বিমল বরা , মন্ত্রী রঞ্জিত দাস , অতুল বরা , কেশব মহন্ত সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ আজ অরুণাচল প্রদেশের ইটানগরে অরুনাচল , আসাম , মণিপুর , মেঘালয় , মিজোরাম , নাগাল্যান্ড ও ত্রিপুরাকে অর্ন্তভূক্ত করে উত্তরপূর্বাঞ্চলের ৭ টি আঞ্চলিক গ্রামীন ব্যাংকের কাজের পর্যালোচনা করেন । এ উপলক্ষে মন্ত্রীর পৌরহিত্যে আয়োজিত বৈঠকে আঞ্চলিক গ্রামীন ব্যাংক ও পৃষ্ঠপোষক ব্যাংকগুলির অধ্যক্ষরা উপস্থিত ছিলেন । বেঠকে অর্থ সেবা বিভাগের সচিব , অতিরিক্ত সচিব ছাড়া ও আর বি আই , নাবার্ড ইত্যাদির প্রতিনিধি তথা উত্তরপূর্বের প্রবীন আধিকারিকরা উপস্থিত ছিলেন । এই বেঠকে ডিজিটেল প্রযুক্তি সেবা উন্নীতকরণ , ব্যবসায়িক উন্নয়ন ও গ্রামীণ অর্থনীতি বিকাশের ক্ষেত্রে আঞ্চলিক গ্রামীন ব্যাংকসমূহের ভূমিকা পালন সম্পর্কে আলোচনা করা হয় ।তিনদিনের সফরসূচী নিয়ে আজ রাজ্যে আসা শ্রীমতী সীতারমণ বেশ কয়েকটি সরকারী কার্যসূচীতে অংশ গ্রহণ করবেন ।

------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পঞ্চায়েতী রাজ দপ্তরের প্রতিমন্ত্রী অধ্যাপক এস পি সিং বাঘেল আজ নতুন দিল্লীতে জনসাধারণের পরিকল্পনা প্রচার সম্পর্কে একটি জাতীয় কর্মশালার উদ্বোধন করেন ।সবকী যোজনা ,সবকা বিকাশ শীর্ষক এই কর্মশালাটির লক্ষ্য হচ্ছে উচ্চ মান ও

ফলপ্রসূ পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করার জন্য আধিকারিক ,নির্বাচিত প্রতিনিধি এবং অন্যান্য অংশীদারদের প্রয়োজনীয় দক্ষতা ও কৌশলের সঙ্গে প্রস্তুত করে তোলা । এই অনুষ্ঠানে অধ্যাপক শ্রী সিং ২০২৫-২৬ অর্থ বছরের জন্য পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করার জন্য জনসাধারণের পরিকল্পনা অভিযান ২০২৪-২৫ সর্ম্পকীত পুস্তিকা উন্মোচন করেন । সেইসঙ্গে তিনি জাতীয় গ্রাম স্বরাজ অভিযানের বার্ষিক কর্ম পরিকল্পনা ,২০২৪-২৫ এর প্রতিবেদন প্রকাশ করেন । কর্মশালা উদ্বোধন কার্যসূচীতে বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রণালয় ,বিভাগ তথা রাজ্য বিভাগের প্রতিনিধিরা ,প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অধ্যাপকগণ এবং পঞ্চায়েতের বিভিন্ন স্তরেরনির্বাচিত প্রতিনিধিরা অংশগ্রহণ করেন বলে আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের প্রশাসনিক ব্যবস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষে ২১ টি জেলায় ৩৯ টি সম - জেলা ঘোষনা করা হয়েছে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য এক বিজ্ঞপ্তীতে আগামী চৌঠা অক্টোবর থেকে এই সমজেলাগুলি কার্যকর হবে বলে জানিয়েছেন । এদিকে এই কার্যসূচীর অধীনে ২১ টি জেলার ৩৯ টি সম -জেলার মধ্যে কাছাড় জেলার সমজেলা হিসেবে লক্ষীপুরকে অর্ন্তভূক্ত করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডী নাল্লু আজ আইজলে রাজভবনের দরবার হলে মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্ব গ্রহণের জন্য শপথগ্রহণ করেন । তিনি বর্তমান রাজ্যপাল ড: হরিবাবু কামভামপতির ছুটিতে অনুপস্থিতির সময়ে কার্যালয়ে থাকবেন ।
গৌহাটী হাইকোর্টের বিচারপতি নেলসন সাইলো মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্বভার গ্রহণের জন্য ইন্দ্রসেনা রেড্ডী নাল্লুকে শপথবাক্য পাঠ করান । মিজোরামের মূখ্যমন্ত্রী পু লাল্ডুহোমা , অধ্যক্ষ পু লালবিয়াকজামা ,গৃহমন্ত্রী পু কে সাপডাঙ্গা সহ অন্যান্য কেবিনেট মন্ত্রী ,রাজ্যের মন্ত্রী ,লোকসভা সাংসদ ,মূখ্যসচিব ,পুলিশের সঞ্চালক প্রধান এবং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট আজ আসাম সরকারকে সম্প্রতি সোনাপুরে চালানো উচ্ছেদ অভিযান সম্পর্কে বিজ্ঞপ্তি জারী করেছে । এই বিজ্ঞপ্তিতে কোর্ট উচ্ছেদের এই ঘটনায় গত ১৭ সেপ্টেম্বর সর্বোচ্চ ন্যায়ালয়ের জারী করা অর্ন্তবর্তী আদেশ উলংঘন করা হয়েছে বলে

জানানো হয়েছে । এই আদেশে ন্যায়ালয় আদালতের আগাম অনুমতি ছাড়া কোনোধরণের উচ্ছেদ কার্য না চালানোর নির্দেশ দিয়েছিলো ।

-----------------------------------------------------------------------------------------

বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা মিঠুন চক্রবর্তীকে আগামী মাসে অনুষ্ঠেয় ৭০ তম জাতীয় চলচ্চিত্র মহোৎসবে দাদা সাহেব ফালকে পুরষ্কারে সম্মানিত করা হবে । তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ একথা জানিয়ে বলেন যে কোলকাতার অতি সাধারণ ব্যাক্তি থেকে চলচ্চিত্র জগতের উচ্চ শিখরে অভিনেতার উল্লেখযোগ্য যাত্রাই নব প্রজন্মকে অনুপ্রাণিত করে । তিনি বলেন যে ভারতীয় চলচ্চিত্র জগতে তার অবদানের জন্য ভারতীয় চলচ্চিত্রের এই সম্মানীয় পুরষ্কার তাকে প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিনেতা মিঠুন চক্রবর্তীকে দাদা সাহেব ফাল্কে পুরষ্কার পাওয়ার জন্য অভিনন্দন জানিয়েছেন ।সমাজিক মাধ্যমের এক পোষ্টে শ্রী মোদী বলেন যে মিঠুন চক্রবর্তীকে ভারতীয় চলচ্চিত্র জগতে তার অসামান্য অবদানের জন্য দাদা সাহেব ফাল্কে পুরষ্কারে সম্মান জানানোর জন্য তিনি খুব আনন্দিত হয়েছেন । প্রধানমন্ত্রী অভিনেতাকে সাংস্কৃতিক ক্ষেত্রের আদর্শ বলে অভিহত করে বলেন যে নিজের বহুমুখী প্রতিভার জন্য তিনি সব শ্রেণীর লোকের কাছ থেকে প্রশংসা পেয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল থেকে দুদিনব্যাপী বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে জেলা দিবস পালন করা হবে । জেলা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ হাইলাকান্দি এস কে রায় সিভিল হাসপাতালে স্বচ্ছ ভারত অভিযান অনুষ্ঠিত হয় । এ উপলক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে সিভিল হাসপাতালের কয়েকজন সাফাই কর্মীকে সংবর্ধনা জানানো হয়েছে । এছাড়াও স্বচ্ছতার উপর একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সচেতনতা সভায় স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথ , সিভিল হাসপাতালের অধীক্ষক ডক্টর দেবব্রত দত্ত সহ স্বাস্থ্য বিভাগের কর্মী ও আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

লক্ষীপুরের জননেতা ইরাবত মেমোরিয়াল সোসাইটির উদ্যোগে গত শনিবার সেপ্টেম্বর স্বাধীনতা সংগ্রামী জননেতা ইরাবত সিংহের ১২৮তম জন্ম দিবস পালন করা হয়েছে । সংস্থার সভাপতি আই বিনোদ সিংহের পৌরহিত্যে আয়োজিত সভায় প্রাক্তন অধ্যাপক

টি এইচ মাধাইবাবু সিংহ , কে এইচ অশ্বিনী সিংহ প্রমূখ বক্তব্য রাখেন । পরে একটি কবি সম্মেলন অনুষ্ঠিত হয় ।

------------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার খাদ্য , গণবন্টন ও গ্রাহক সুরক্ষা বিষয়ক বিভাগ থেকে এক বিঞ্জপ্তিতে জানানো হয়েছে যে জেলায় অক্টোবর মাসের জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে । এই চাল অন্তোদ্যয় অন্ন যোজনায় রেশন কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম করে এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা পিছু ৫ কিলোগ্রাম করে বিনামূল্যে চাল বিতরন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

আনিপুর-দুর্লভছড়া-জামুয়াং সড়কের ৭১০০ মিটার অংশে ৮/১ নম্বর বাগ সেতুর নীচের অংশে কাঠামো দূর্বল হয়ে পড়ায় ওই সেতুর ওপর দিয়ে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত সবধড়নের যান চলাচল সাময়িকভাবে বন্ধ থাকবে বলে পূর্ত গ্রামীণ সড়ক শাখার পাথারকান্দি ও রামকৃষ্ণনগর সড়ক শাখার নির্বাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন । এতে ওই সেতু বন্ধ থাকাকালীন সময়ে যানবাহন বিকল্প সড়ক হিসেবে আনিপুর তেমাথা-বিদ্যানগর তেমাথা-বিদ্যানগর-মোকামছড়া-দুর্লভছড়া দিয়ে চলাচল করতে পারবে বলে জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------